

(একই স্বাক্ষর ও তারিখের জারীকৃত পত্রের স্থালাভিযুক্ত)  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
অধিশাখা: কারিগরি-২  
পরিবহণ পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০  
[www.tned.gov.bd](http://www.tned.gov.bd)

নং- শা:১৬/পরীক্ষা-৩/২০১৪-৬৬৪

তারিখঃ ১২ অগ্রহায়ণ, ১৪২৪ বঙ্গাব্দ  
২৬ নভেম্বর, ২০১৭ খ্রি:

বিষয় : ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ১ম, ৩য়, ৫ম, ৭ম ও ৮ম পর্ব নিয়মিত এবং ৮ম পর্ব অনিয়মিত পরীক্ষা-২০১৭ অনুষ্ঠান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ০৫/১২/২০১৭ তারিখ হতে ২০১৭ সনের অনুষ্ঠিতব্য ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ১ম, ৩য়, ৫ম, ৭ম ও ৮ম পর্ব নিয়মিত এবং ৮ম পর্ব অনিয়মিত পরীক্ষা-২০১৭ অনুষ্ঠিত হবে। উক্ত পরীক্ষার সময়সূচি ও কেন্দ্রের তালিকা বোর্ডের ওয়েব সাইটে ([www.bteb.gov.bd](http://www.bteb.gov.bd)) আপলোড করা আছে। এ কারণে শনিবারেও ট্রেজারি এবং পোস্ট অফিস খোলা রাখা প্রয়োজন।

০২। এমতাবস্থায়, ০৫/১২/২০১৭ তারিখ হতে ২০১৭ সনের অনুষ্ঠিতব্য ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ১ম, ৩য়, ৫ম, ৭ম ও ৮ম পর্ব নিয়মিত এবং ৮ম পর্ব অনিয়মিত পরীক্ষা-২০১৭ অনুষ্ঠানের লক্ষ্যে জেলা প্রশাসন ও পুলিশ প্রশাসন সমন্বয়ে একটি পরিদর্শক দল (ভিজিটেশ টিম) গঠন এবং পরীক্ষা সংক্রান্ত দৈনন্দিন তথ্যাদি পরীক্ষা শেষ হওয়ার পরপরই কারিগরি শিক্ষা বোর্ডকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

স্বাঃ/-

( সুবোধ চন্দ্র ঢালী )

উপ-সচিব

জেলা প্রশাসক


----- (সকল)।

নং- শা:১৬/পরীক্ষা-৩/২০১৪-৬৬৪

তারিখঃ ১২ অগ্রহায়ণ, ১৪২৪ বঙ্গাব্দ  
২৬ নভেম্বর, ২০১৭ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। বিভাগীয় কমিশনার----- (সকল বিভাগ)
- ২। পুলিশ কমিশনার----- (সকল বিভাগ)
- ৩। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৪। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, কা: ও মা: শি: বি:, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। মহাপরিচালক, ডাক অধিদপ্তর, ডাক ভবন, ঢাকা।
- ৬। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
- ৭। পুলিশ সুপার ----- (সকল)
- ৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, কা: ও মা: শি: বি:, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন, ঢাকা।
- ৯। প্রোগ্রামার, কা: ও মা: শি: বি:, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
(শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

  
( সুবোধ চন্দ্র ঢালী )  
উপ-সচিব  
ফোনঃ ৯৫৮২০৫৫